# বর্ডার গার্ড বাংলাদেশ দর্পণ

বর্ডার গার্ড বাংলাদেশ ত্রৈমাসিক সাময়িকী

● ১৯শ বর্ষ ● ৪র্থ সংখ্যা ● আশ্বিন ১৪২৭ ● সফর ১৪৪২ হিজরি ● অক্টোবর ২০২০



হেলিকপ্টার উদ্বোধন-২০২০





বর্ডার গার্ড বাংলাদেশ দর্পণ

বর্ডার গার্ড বাংলাদেশ দর্পণ - ৪র্থ সংখ্যা অক্টোবর ২০২০

# চিত্রে বর্ডার গার্ড বাংলাদেশ



গত ২৬ জুলাই ২০২০ তারিখে স্বরাষ্ট্রমন্ত্রী জনাব আসাদুজ্জামান খান, এমপি এর উপস্থিতিতে সিনিয়র সচিব, জননিরাপত্তা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয় এবং মহাপরিচালক, বর্ডার গার্ড বাংলাদেশ এর মধ্যে ২০২০-২০২১ অর্থ বছরের বার্ষিক কর্মসম্পাদন (এপিএ) চুক্তি স্বাক্ষর সম্পন্ন হয়।

গত ১২ আগস্ট ২০২০ তারিখে সীমান্ত ব্যাংকের প্রধান কার্যালয়ে 'বঙ্গবন্ধু লাউঞ্জ' এর উদ্বোধন করেন ব্যাংকের সম্মানিত চেয়ারম্যান ও বর্ডার গার্ড বাংলাদেশ এর মহাপরিচালক মেজর জেনারেল মোঃ সাফিনুল ইসলাম, বিজিবিএম (বার), এনডিসি, পিএসসি।





গত ১৬ সেপ্টেম্বর ২০২০ তারিখে বিজিবি-বিএসএফ ৫০তম মহাপরিচালক পর্যায়ে সীমান্ত সম্মেলন উপলক্ষে বিএসএফ মহাপরিচালক আগমন করলে তাঁকে তেজগাঁও পুরাতন বিমান বন্দরে ফুল দিয়ে শুভেচ্ছা জানান বিজিবি মহাপরিচালক মেজর জেনারেল মোঃ সাফিনুল ইসলাম, বিজিবিএম (বার), এনডিসি, পিএসসি।

গত ১৬ সেপ্টেম্বর ২০২০ তারিখে বিজিবি সদর দপ্তর, পিলখানায় বিজিবি মহাপরিচালক মেজর জেনারেল মোঃ সাফিনুল ইসলাম, বিজিবিএম, এনডিসি, পিএসসি এর সাথে সৌজন্য সাক্ষাৎ করেন বিএসএফ মহাপরিচালক রাকেশ আস্থানা, আইপিএস।





গত ১৬ সেপ্টেম্বর ২০২০ তারিখে বিজিবি সদর দপ্তর, পিলখানায় বিজিবি-বিএসএফ মহাপরিচালক পর্যায়ে সীমান্ত সম্মেলন উপলক্ষে সীমান্ত-গৌরবে পুষ্পস্তবক অর্পণ করেন বিএসএফ মহাপরিচালক রাকেশ আস্থানা, আইপিএস।

মুজিববর্ষে দেশব্যাপী প্রায় ৫০ লক্ষ বৃক্ষরোপণ কর্মসূচির অংশ হিসেবে গত ২৪ সেপ্টেম্বর ২০২০ তারিখে বিজিবি এবং ব্রিটিশ-আমেরিকান টোবাকো বাংলাদেশ এর মধ্যে বিভিন্ন প্রজাতির চারা প্রদানের সমঝোতা স্মারক স্বাক্ষরের পর বৃক্ষরোপণ করেন বিজিবি মহাপরিচালক মেজর জেনারেল মোঃ সাফিনুল ইসলাম, বিজিবিএম (বার), এনডিসি, পিএসসি।





গত ১৫ আগস্ট ২০২০ তারিখে স্বাধীনতার মহান স্থপতি জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের ৪৫তম শাহাদাত বার্ষিকী উপলক্ষে বিশেষ দোয়া ও মোনাজাতে অংশগ্রহণ করেন বিজিবি মহাপরিচালক মেজর জেনারেল মোঃ সাফিনুল ইসলাম, বিজিবিএম (বার), এনডিসি, পিএসসি।

গত ২৩ আগস্ট ২০২০ তারিখে বাবুছড়া ব্যাটালিয়ন (৭ বিজিবি) এর কোয়ার্টার গার্ড পরিদর্শনকালীন গার্ডের সালাম গ্রহণ করেন বিজিবি মহাপরিচালক মেজর জেনারেল মোঃ সাফিনুল ইসলাম, বিজিবিএম (বার), এনডিসি, পিএসসি।





গত ২৩ আগস্ট ২০২০ তারিখে বাবুছড়া ব্যাটালিয়ন (৭ বিজিবি) এর অধীনস্থ ধুপশীল বিওপি পরিদর্শনকালে সৈনিকদের সাথে মত বিনিময় করেন বিজিবি মহাপরিচালক মেজর জেনারেল মোঃ সাফিনুল ইসলাম, বিজিবিএম (বার), এনডিসি, পিএসসি।

গত ২৪ আগস্ট ২০২০ তারিখে টেকনাফ ব্যাটালিয়ন (২ বিজিবি) এর টেকনাফ বিওপি'র পন্টুন পরিদর্শন করেন বিজিবি মহাপরিচালক মেজর জেনারেল মোঃ সাফিনুল ইসলাম, বিজিবিএম (বার), এনডিসি, পিএসসি।





গত ২৪ আগস্ট ২০২০ তারিখে টেকনাফ ব্যাটালিয়ন (২ বিজিবি) এর শাহপরীর দ্বীপ বিওপি পরিদর্শনকালীন এটিভি (ATV) চালনা করেন বিজিবি মহাপরিচালক মেজর জেনারেল মোঃ সাফিনুল ইসলাম, বিজিবিএম (বার), এনডিসি, পিএসসি।

গত ২৫ আগস্ট ২০২০ তারিখে বর্ডার গার্ড ট্রেনিং সেন্টার এন্ড কলেজ, বায়তুল ইজ্জত, চট্টগ্রাম পরিদর্শন করেন বিজিবি মহাপরিচালক মেজর জেনারেল মোঃ সাফিনুল ইসলাম, বিজিবিএম (বার), এনডিসি, পিএসসি।





গত ০২ সেপ্টেম্বর ২০২০ তারিখে খুলনা সেক্টরের আওতাধীন দিগরাজ প্রশিক্ষণ কেন্দ্র, মংলা পরিদর্শন করেন বিজিবি মহাপরিচালক মেজর জেনারেল মোঃ সাফিনুল ইসলাম, বিজিবিএম (বার), এনডিসি, পিএসসি।

গত ০৩ সেপ্টেম্বর ২০২০ তারিখে সাতক্ষীরা ব্যাটালিয়ন (৩৩ বিজিবি) এর রেস্টহাউজে গার্ড অব অনার গ্রহণের পর পরিদর্শন বই এ স্বাক্ষর করেন বিজিবি মহাপরিচালক মেজর জেনারেল মোঃ সাফিনুল ইসলাম, বিজিবিএম (বার), এনডিসি, পিএসসি।





বিজিবি-বিএসএফ মহাপরিচালক পর্যায়ে সীমান্ত সম্মেলন গত ১৬-১৯ সেপ্টেম্বর ২০২০ তারিখ পর্যন্ত ঢাকায় অনুষ্ঠিত হয়। উক্ত সম্মেলনে যোগদান উপলক্ষে বিএসএফ মহাপরিচালকসহ প্রতিনিধি দল গত ১৬ সেপ্টেম্বর ২০২০ তারিখে সরাইল ব্যাটালিয়ন (২৫ বিজিবি) এর আখাউড়া আইসিপি হয়ে বাংলাদেশে আগমন করেন এবং সম্মেলন শেষে গত ১৯ সেপ্টেম্বর ২০২০ তারিখে একই পথে আখাউড়া আইসিপি দিয়ে ভারতে প্রত্যাগমন করেন।

গত ০৯ সেপ্টেম্বর ২০২০ তারিখে কাপ্তাই ব্যাটালিয়ন (৪১ বিজিবি) এর কুকিমারাপাড়া সিআইও ক্যাম্প পরিদর্শন করেন রিজিয়ন কমান্ডার, দক্ষিণ-পূর্ব রিজিয়ন, চট্টগ্রাম।





গত ২৪ আগস্ট ২০২০ তারিখে রাজশাহী ব্যাটালিয়ন (১ বিজিবি) এর তালাইমারী বিওপি পরিদর্শন করেন রিজিয়ন কমান্ডার, উত্তর পশ্চিম রিজিয়ন, রংপুর।

গত ১৯ জুলাই ২০২০ তারিখে গাজীপুর ব্যাটালিয়ন (৬৩ বিজিবি) এর প্রস্তাবিত কে-নাইন ইউনিট এবং ব্রিডিং সেন্টার এর ভূমি সরেজমিনে পরিদর্শন করেন সেক্টর কমান্ডার, বিজিবি ঢাকা।



# সীমান্ত সম্মেলন

গত ১৬ সেপ্টেম্বর ২০২০ তারিখ হতে ১৯ সেপ্টেম্বর ২০২০ তারিখ পর্যন্ত বিজিবি সদর দপ্তর, পিলখানায় বিজিবি-বিএসএফ ৫০তম মহাপরিচালক পর্যায়ে সীমান্ত সম্মেলন অনুষ্ঠিত হয়।







গত ১৯ সেপ্টেম্বর ২০২০ তারিখে বিজিবি সদর দপ্তর সম্মেলন কক্ষে ৫০তম বিজিবি-বিএসএফ মহাপরিচালক পর্যায়ে সীমান্ত সম্মেলন শেষে জেআরডি স্বাক্ষর করেন বিজিবি মহাপরিচালক এবং বিএসএফ মহাপরিচালক।

গত ২৩ জুলাই ২০২০ তারিখে ৫১ বিএসএফ ব্যাটালিয়নের ফুলবাড়ী বিওপিতে রিজিয়ন কমান্ডার এবং ইস্টার্ন কমান্ডার পর্যায়ে বিজিবি-বিএসএফ সৌজন্য সাক্ষাৎ অনুষ্ঠিত হয়।






গত ০৯ সেপ্টেম্বর ২০২০ তারিখে সোনা মসজিদ বিওপি'র সম্মেলন কেন্দ্রে বাংলাদেশের অভ্যন্তরে সেক্টর কমান্ডার, বিজিবি রাজশাহী এবং বিএসএফ মালদা সেক্টর কমান্ডার এর মধ্যে সীমান্ত সৌজন্য সাক্ষাৎ অনুষ্ঠিত হয়।

ভারতের অভ্যন্তরে হবিগঞ্জ ব্যাটালিয়ন (৫৫ বিজিবি) এবং ১২০ বিএসএফ ব্যাটালিয়ন এর মধ্যে ব্যাটালিয়ন কমান্ডার পর্যায়ে পতাকা বৈঠক অনুষ্ঠিত হয় ।





গত ০৯ জুলাই ২০২০ তারিখে রামগড় ব্যাটালিয়ন (৪৩ বিজিবি) এর মহামুনি বিওপি'র দায়িত্বপূর্ণ এলাকায় সীমান্ত পিলার ২২১৫/৯-এস এর নিকট অধিনায়ক, রামগড় ব্যাটালিয়ন (৪৩ বিজিবি) এবং কমান্ড্যান্ট, ৬৬ বিএসএফ ব্যাটালিয়ন এর মধ্যে অধিনায়ক পর্যায়ে পতাকা বৈঠক অনুষ্ঠিত হয়।

# সীমান্তে চোরাচালান দমনে বিজিবি'র সাফল্য

গত ৩০ সেপ্টেম্বর ২০২০ তারিখে খুলনা ব্যাটালিয়ন (২১ বিজিবি) এর আটককৃত মাদকদ্রব্য ধ্বংসকরণ কার্যক্রম অনুষ্ঠিত হয়। উক্ত অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন কর্নেল মোঃ আরশাদুজ্জামান খান, পিবি-জিএম, সেক্টর কমান্ডার, বিজিবি সেক্টর সদর দপ্তর, খুলনা।






গত ২৮ আগস্ট ২০২০ তারিখে যশোর ব্যাটালিয়ন (৪৯ বিজিবি) এর বেনাপোল বিওপি'র টহলদল বিশেষ চোরাচালান বিরোধী অভিযান পরিচালনা করে এক নারী স্বর্ণ পাচারকারীসহ ৯ কেজি ২০০ গ্রাম ওজনের ৫৭ টি স্বর্ণের বার আটক করে।

গত ০৩ জুলাই ২০২০ তারিখে যশোর ব্যাটালিয়ন (৪৯ বিজিবি) যশোর খাজুরা বাসস্ট্যান্ড হতে ০১টি প্রাইভেট কার তল্লাশি করে ১,১৫,০০০ ইউএস ডলারসহ ০৩ জন আসামী আটক করে।





গত ০৫ সেপ্টেম্বর ২০২০ তারিখে যশোর ব্যাটালিয়ন (৪৯ বিজিবি) এর রঘুনাথপুর বিওপি'র একটি টহল দল বিশেষ অভিযান পরিচালনা করে ঘিবা নামক স্থান হতে ১১ টি পিস্তল, ২২ টি ম্যাগজিন, ৫০ রাউন্ড গুলি এবং ১৪ কেজি গাঁজাসহ ০৩ জন আসামী আটক করে।

গত ০৮ সেপ্টেম্বর ২০২০ তারিখে সুলতানপুর ব্যাটালিয়ন (৬০ বিজিবি) এর বড়জ্বালা বিওপি'র টহল দল ১৩৯৫ টি ভারতীয় শাড়ি আটক করে।







গত ২০ জুলাই ২০২০ তারিখে যামিনীপাড়া ব্যাটালিয়ন (২৩ বিজিবি) এর আসালং বিওপি'র টহল দল দায়িত্বপূর্ণ এলাকার ডিবিপাড়া নামক স্থান হতে ৪৭.৮৩ ঘনফুট গামারি এবং ৬২.৪০ ঘনফুট সেগুন গোল কাঠ আটক করে।

গত ২২ আগস্ট ২০২০ তারিখে কুড়িগ্রাম ব্যাটালিয়ন (২২ বিজিবি) এর উত্তর ধলডাংগা বিশেষ ক্যাম্পের টহল দল কাজিয়ারচর নামক স্থান হতে মালিকবিহীন অবস্থায় ৩১টি ভারতীয় গরু আটক করে।





গত ১৭ সেপ্টেম্বর ২০২০ তারিখে সাতক্ষীরা ব্যাটালিয়ন (৩৩ বিজিবি) কর্তৃক মালিকবিহীন অবস্থায় আটককৃত মাদকদ্রব্যসমূহ ধ্বংস করা হয়।

গত ১৫ আগস্ট ২০২০ তারিখে টেকনাফ ব্যাটালিয়ন (২ বিজিবি) এর দমদমিয়া বিওপি'র টহল দল জাদিমোড়া ওমর খাল এলাকা হতে ৩,৯০,০০০ (তিন লক্ষ নব্বই হাজার) পিস ইয়াবা ট্যাবলেট আটক করে।






গত ১৪ জুলাই ২০২০ তারিখে রাজশাহী ব্যাটালিয়ন (১ বিজিবি) এর ইউসুফপুর বিওপি'র একটি বিশেষ টহল দল রাজশাহী জেলার চারঘাট থানাধীন সরকার পাড়া বাঁশ বাগান নামক এলাকায় অভিযান পরিচালনা করে ০.৫ কেজি ভারতীয় হেরোইন আটক করে।

গত ০৯ সেপ্টেম্বর ২০২০ তারিখে জকিগঞ্জ ব্যাটালিয়ন (১৯ বিজিবি) এর সুরাইঘাট বিওপি'র টহলদল মালিকবিহীন অবস্থায় ৯৪৫ বোতল ভারতীয় 'অফিসার্স চয়েস' মদ আটক করে।







গত ১৭ সেপ্টেম্বর ২০২০ তারিখে সাতক্ষীরা ব্যাটালিয়ন (৩৩ বিজিবি) এর হিজলদী বিওপি'র টহল দল অভিযান পরিচালনা করে ০২ জন আসামীসহ ৩৭৪ বোতল ভারতীয় ফেন্সিডিল আটক করে।

বিদ্যানন্দ ফাউন্ডেশনের সহযোগিতায় গত ১৬ জুলাই ২০২০ তারিখে ফুলবাড়ী ব্যাটালিয়ন (২৯ বিজিবি) এর অধীনস্থ খানপুর বিওপির দায়িত্বপূর্ণ সীমান্তবর্তী অসহায়, গরীব ও দুস্থ পরিবারের মাঝে খাদ্যসামগ্রী বিতরণ করেন সেক্টর কমান্ডার, বিজিবি দিনাজপুর।






বিদ্যানন্দ ফাউন্ডেশনের সহযোগিতায় নাইক্ষ্যংছড়ি ব্যাটালিয়ন (১১ বিজিবি) এর আওতাধীন গরীব ও দুস্থ পরিবারের মাঝে সেলাই মেশিন বিতরণ করা হয়।

নাভানা গ্রুপের সহযোগিতায় গত ২০,২১ এবং ২৬ সেপ্টেম্বর ২০২০ তারিখে জামালপুর ব্যাটালিয়ন (৩৫ বিজিবি) কর্তৃক সীমান্তের হতদরিদ্র ও বন্যা কবলিত ১১৫টি পরিবারকে স্বাবলম্বী করার লক্ষ্যে ০৫টি পরিবারকে ভ্যান, ০৮টি পরিবারকে সেলাই মেশিন, ১৪ টি পরিবারকে ১৪০টি হাঁস, ১৫টি পরিবারকে কৃষি সামগ্রী, ১৬টি পরিবারকে ০১ বান্ডিল করে টিন, ১৪টি পরিবারকে মুদি সামগ্রী, ৪৩টি পরিবারকে ৭১টি ছাগল বিতরণ করা হয়েছে।






গত ২৫ আগস্ট ২০২০ তারিখে বর্ডার গার্ড ট্রেনিং সেন্টার এন্ড কলেজ কর্তৃক পরিচালিত ৯৫তম ব্যাচ রিক্রুট প্রশিক্ষণ কার্যক্রম পরিদর্শন ও রিক্রুটদের সাথে মতবিনিময় করেন বিজিবি মহাপরিচালক মেজর জেনারেল মোঃ সাফিনুল ইসলাম, বিজিবিএম (বার), এনডিসি, পিএসসি।

গত ১৭ আগস্ট ২০২০ তারিখে বিজিটিসিএন্ডসি কমান্ড্যান্ট, ব্রিগেডিয়ার জেনারেল আব্দুল্লাহ আল মামুন, এসপিপি, এনডিসি, পিএসসি, জি চাঁপাইনবাবগঞ্জ ব্যাটালিয়ন (৫৩ বিজিবি) এর তত্ত্বাবধানে পরিচালিত ৯৫তম ব্যাচ রিক্রুট মৌলিক প্রশিক্ষণ পরিদর্শন করেন।





ঠাকুরগাঁও ব্যাটালিয়ন (৫০ বিজিবি) এর ব্যবস্থাপনায় পরিচালিত ৯৫তম ব্যাচ রিক্রুট মৌলিক প্রশিক্ষণ পরিদর্শন করেন লে: কর্নেল মোহাম্মদ খাদেমুল বাসার, পিএসসি, পরিচালক (প্রশিক্ষণ)।

গত ১২ আগস্ট ২০২০ তারিখে চাঁপাইনবাবগঞ্জ ব্যাটালিয়ন (৫৩ বিজিবি) এর তত্ত্বাবধানে পরিচালিত ৯৫তম ব্যাচ রিক্রুট মৌলিক প্রশিক্ষণ পরিদর্শন করেন মেজর মোহাম্মদ আহসান হাবিব, অতিরিক্ত পরিচালক (প্রশিক্ষণ)।





নীলডুমুর ব্যাটালিয়ন (১৭ বিজিবি) এর সার্বিক ব্যবস্থাপনায় গত ১২ জুলাই ২০২০ তারিখ হতে ২০ জুলাই ২০২০ তারিখ পর্যন্ত হাইস্পিড ইঞ্জিন বোট ড্রাইভিং ক্যাডার পরিচালিত হয়। উক্ত ক্যাডারের প্রশিক্ষণ ওআইসি হিসেবে তাত্ত্বিক এবং ব্যবহারিক ক্লাস-এ জিপিএস, রাডার এবং সোনার সম্পর্কে ধারণা প্রদান করেন ১৭ ব্যাটালিয়নের ভারপ্রাপ্ত উপ অধিনায়ক লে: কমান্ডার এম মিলটন কবির, (জি), বিএনভিআর।

গত ২৫ অক্টোবর ২০২০ হতে চলমান প্রশিক্ষণ পরিদপ্তর এর তত্ত্বাবধানে পিলখানা, ঢাকায় Armoured Spartan-APC, Model-F550 Gi Tactical Driving & Maintenance Training এর স্থির চিত্র।






বর্ডার গার্ড ট্রেনিং সেন্টার এন্ড কলেজ কর্তৃক পরিচালিত ৯৫তম ব্যাচ রিক্রুটদের বাধা অতিক্রমের আওতায় ৯ফুট দেয়াল অনুশীলনের দৃশ্য।

হবিগঞ্জ ব্যাটালিয়ন (৫৫ বিজিবি) এর অধীনস্থ নিরালাপুঞ্জি বিওপি'র সীমান্ত এলাকায় এটিভি দ্বারা পরিচালিত চোরাচালান প্রতিরোধ টহলের চিত্র।





বর্ডার গার্ড ট্রেনিং সেন্টার এন্ড কলেজ কর্তৃক পরিচালিত ৯৫তম ব্যাচ রিক্রুটদের মাধ্যমিক পরীক্ষা (লিখিত) পরিদর্শন করেন ব্রিগেডিয়ার জেনারেল আব্দুল্লাহ আল মামুন, এসপিপি, এনডিসি, পিএসসি, জি, কমান্ড্যান্ট, বিজিটিসিএন্ডসি।

গত ২৯ সেপ্টেম্বর ২০২০ তারিখে সিলেট ব্যাটালিয়ন (৪৮ বিজিবি) এর ব্যবস্থাপনায় পরিচালিত ৯৫তম ব্যাচের রিক্রুটদের এলএমজি ফায়ারিং সরেজমিনে পরিদর্শন করেন সেক্টর কমান্ডার, সিলেট।





গত ২৩-২৪ সেপ্টেম্বর ২০২০ তারিখে সেক্টর সদর দপ্তর, রামু এবং রামু ব্যাটালিয়ন (৩০ বিজিবি) এর বাৎসরিক এলএমজি ফায়ারিং অনুষ্ঠিত হয়।

গত ১৪ জুন ২০২০ হতে ০৩ সেপ্টেম্বর ২০২০ তারিখ পর্যন্ত রামু ব্যাটালিয়ন (৩০ বিজিবি) এ অনুষ্ঠিত বিসিএম কোর্স ০২/২০২০ এর প্রতিরক্ষা (ছদ্মবেশ) অনুশীলনের দৃশ্য।



# সীমান্তে যৌথ টহল ও পিলার পরিদর্শন




ঠাকুরগাঁও ব্যাটালিয়ন (৫০ বিজিবি) এর জগদল বিওপি'র দায়িত্বপূর্ণ সীমান্ত মেইন পিলার ৩৭৫ পরিদর্শন করেন কর্নেল মোঃ আরেফিন তালুকদার, পিএসসি, ডেপুটি রিজিয়ন কমান্ডার, রিজিয়ন সদর দপ্তর, রংপুর।

গত ২৫ আগস্ট ২০২০ তারিখে খাগড়াছড়ি ব্যাটালিয়ন (৩২ বিজিবি) এর রুপসেনপাড়া বিওপি'র সীমান্ত পিলার ২২৬৪/২৭-এস পরিদর্শন করেন সেক্টর কমান্ডার, বিজিবি খাগড়াছড়ি।





গত ২১ সেপ্টেম্বর ২০২০ তারিখে ময়মনসিংহ ব্যাটালিয়ন (৩৯ বিজিবি) এর গোবরাকুড়া বিওপি'র দায়িত্বপুর্ণ এলাকার সীমান্ত পিলার ১১২৪/৬-এস এর নিকট ভারতের অভ্যন্তরে পূর্ব গোবরাকুড়া নামক স্থানে বিওপি কমান্ডার পর্যায়ে পতাকা বৈঠক অনুষ্ঠিত হয়।

গত ১১ সেপ্টেম্বর ২০২০ তারিখে আলীকদম ব্যাটালিয়ন (৫৭ বিজিবি) এর নাপরাইতং বিওপি'র দায়িত্বপূর্ণ এলাকার এসআরপি টহল এর দৃশ্য।





রহনপুর ব্যাটালিয়ন (৫৯ বিজিবি) এর কিরণগঞ্জ কোম্পানি এবং ২৪৪ বিএসএফ ব্যাটালিয়নের চুরিঅন্তপুর ক্যাম্প এর মধ্যে কোম্পানি কমান্ডার পর্যায়ে পতাকা বৈঠক অনুষ্ঠিত হয় ।

সীমান্তে বিজিবি-বিএসএফ এর মধ্যে যৌথ টহল কার্যক্রম।



# ক্রীড়াঙ্গনে বর্ডার গার্ড বাংলাদেশ




গত ০৩-০৫ সেপ্টেম্বর ২০২০ তারিখ পর্যন্ত জাতীয় ক্রীড়া পরিষদ, পল্টন, ঢাকায় অনুষ্ঠিত ওয়াল্টন রেফ্রিজারেটর আন্তঃজেলা পুমসে তায়কোয়ানডো প্রতিযোগিতা-২০২০ এ বিজিবি তায়কোয়ানডো দল অংশগ্রহণ করে ০৩টি স্বর্ণ, ০৪টি রৌপ্য ও ০২টি তাম্র পদক পেয়ে দলগতভাবে রানার-আপ হওয়ার গৌরব অর্জন করে।

বর্ডার গার্ড ট্রেনিং সেন্টার এন্ড কলেজে অনুষ্ঠিত ৯৫তম রিক্রুট ব্যাচের আন্তঃ কোম্পানি কারাতে প্রতিযোগিতায় অংশগ্রহণকারী (মহিলা) রিক্রুটদের মাঝে ব্যক্তিগত ইভেন্টের পুরস্কার বিতরণ করেন কমান্ড্যান্ট, বিজিটিসিএন্ডসি।





বর্ডার গার্ড ট্রেনিং সেন্টার এন্ড কলেজে অনুষ্ঠিত ৯৫তম রিক্রুট ব্যাচের আন্তঃ কোম্পানি কারাতে প্রতিযোগিতার দৃশ্য।

গত ১৬ জুলাই ২০২০ তারিখে চাঁপাইনবাবগঞ্জ ব্যাটালিয়ন (৫৩ বিজিবি) এর তত্ত্বাবধানে পরিচালিত ৯৫তম ব্যাচ রিক্রুটদের আন্তঃকোম্পানি ভলিবল প্রতিযোগিতায় বিজয়ী দলের ফটোসেশন।






গত ১৬ জুলাই ২০২০ তারিখে ময়মনসিংহ ব্যাটালিয়নে (৩৯ বিজিবি) অনুষ্ঠিত ৯৫তম রিক্রুট ব্যাচের আন্তঃকোম্পানি ভলিবল প্রতিযোগিতার দৃশ্য।

বর্ডার গার্ড ট্রেনিং সেন্টার এন্ড কলেজে অনুষ্ঠিত ৯৫তম রিক্রুট ব্যাচের আন্তঃ কোম্পানি ভলিবল প্রতিযোগিতার দৃশ্য।



# সীপকস এর কার্যক্রম



গত ২৯ জানুয়ারি ২০২০ তারিখে দর্জি বিভাগ-১/২০২০ ব্যাচের ছাত্রীদের ক্লাস পরিদর্শন করেন সীমান্ত পরিবার কল্যাণ সমিতির সম্মানিত প্রধান পৃষ্ঠপোষক সোমা ইসলাম।

গত ০৯ মার্চ ২০২০ তারিখে কেন্দ্রীয় সীপকসের বিদায়ী সহ-সভানেত্রী মিসেস মাসুমা সিদ্দিকী'কে ফুলের তোড়া দিয়ে বিদায়ী শুভেচ্ছা জানাচ্ছেন সীপকসের সম্মানিত প্রধান পৃষ্ঠপোষক সোমা ইসলাম।






গত ০৯ মার্চ ২০২০ তারিখে কেন্দ্রীয় সীপকসের সহ-সভানেত্রী'র বিদায় অনুষ্ঠান উপভোগ করছেন সীপকস এর সম্মানিত প্রধান পৃষ্ঠপোষক, বিদায়ী সহ-সভানেত্রী, সীপকস পরিচালনা পর্ষদ এবং আমন্ত্রিত অতিথিবৃন্দ।

গত ২৭ জানুয়ারি ২০২০ তারিখে কেন্দ্রীয় সীপকসের-২/২০১৯ ব্যাচের ছাত্রীদের সনদপত্র বিতরণ ও বনভোজন উপলক্ষে ছাত্রীদের বিভিন্ন প্রতিযোগিতায় পুরস্কার বিতরণ করেন সীপকসের সম্মানিত প্রধান পৃষ্ঠপোষক সোমা ইসলাম।





গত ২৫ জানুয়ারি ২০২০ তারিখে বিমান বাহিনী যাদুঘরে শিক্ষা সফরে সীপকস চিলড্রেন ক্লাবের শিক্ষার্থীদের সাথে ফটোসেশনে সীপকস এর সম্মানিত প্রধান পৃষ্ঠপোষক সোমা ইসলাম ও সীপকস পরিচালনা পর্ষদ।

গত ২৩ জানুয়ারি ২০২০ তারিখে উপ-শাখা সীপকস, নীলডুমুর পরিদর্শনকালীন পরিদর্শন বই স্বাক্ষর করেন সীপকস এর সম্মানিত প্রধান পৃষ্ঠপোষক সোমা ইসলাম।





গত ২৩ জানুয়ারি ২০২০ তারিখে উপ-শাখা সীপকস, নীলডুমুর পরিদর্শনকালীন দর্জি ও সুন্দরসূচী বিভাগের ছাত্রীদের সাথে ফটোসেশনে অংশগ্রহণ করেন সীপকস এর সম্মানিত প্রধান পৃষ্ঠপোষক সোমা ইসলাম।



গত ০৫ মার্চ ২০২০ তারিখে আইজিএলটি উপলক্ষে আইজি বিএসএফ পত্নী ফিতা কেটে সংবর্ধনা ও সাংস্কৃতিক অনুষ্ঠানের উদ্বোধন করেন।



উপ-শাখা সীপকস, রাজশাহী এর বার্ষিক বনভোজন এবং সনদপত্র বিতরণী অনুষ্ঠানে দর্জি, সুন্দরসূচী ও কম্পিউটার বিভাগের ছাত্র-ছাত্রীদের সাথে ফটোসেশনে অংশগ্রহণ করেন সভানেত্রী শাখা সীপকস, রংপুর।

গত ১ নভেম্বর ২০২০ তারিখে কেন্দ্রীয় সীপকসের বিদায়ী সভানেত্রী শামিম আরা আইরিন কে ফুলের তোড়া দিয়ে বিদায়ী শুভেচ্ছা জানাচ্ছেন সীপকসের সম্মানিত প্রধান পৃষ্ঠপোষক সোমা ইসলাম।





গত ২৫ জানুয়ারি ২০২০ তারিখে উপ-শাখা সীপকস, সাতক্ষীরার বাৎসরিক বনভোজন এবং সনদপত্র ও পুরস্কার বিতরণী অনুষ্ঠানে ছাত্রীদের সাথে ফটোসেশনে অংশগ্রহণ করেন সাধারণ সম্পাদিকা, উপ-শাখা সীপকস, সাতক্ষীরা।

উপ-শাখা সীপকস, যামিনীপাড়া পরিদর্শনকালে ছাত্রীদের সাথে ফটোসেশনে অংশগ্রহণ করেন সভানেত্রী শাখা সীপকস, চট্টগ্রাম।



# অফিসার্স লেডিস ক্লাবের কার্যক্রম



গত ১৮ জানুয়ারি ২০২০ তারিখে সীমান্ত অফিসার্স লেডিস ক্লাব কর্তৃক আয়োজিত পিঠা উৎসবে মেজর জেনারেল (অব:) তারিক আহমেদ সিদ্দিক, আরসিডিএস, পিএসসি, মাননীয় প্রধানমন্ত্রীর নিরাপত্তা বিষয়ক উপদেষ্টা, প্রধান অতিথি অন্যান্য অফিসারগণের সাথে কুশলাদি বিনিময় করেন।

গত ১৮ জানুয়ারি ২০২০ তারিখে সীমান্ত অফিসার্স লেডিস ক্লাব কর্তৃক আয়োজিত পিঠা উৎসবে মেজর জেনারেল (অব:) তারিক আহমেদ সিদ্দিক, আরসিডিএস, পিএসসি, মাননীয় প্রধানমন্ত্রীর নিরাপত্তা বিষয়ক উপদেষ্টা, প্রধান অতিথি এবং মিসেস শাহিন সিদ্দিক বিশেষ অতিথি হিসেবে পিঠাশালা পরিদর্শন করেন।





গত ১৮ জানুয়ারি ২০২০ তারিখে সীমান্ত অফিসার্স লেডিস ক্লাব কর্তৃক আয়োজিত পিঠা উৎসবে মিসেস শাহিন সিদ্দিক, বিশেষ অতিথি এবং সীমান্ত অফিসার্স লেডিস ক্লাব এর সম্মানিত প্রধান পৃষ্ঠপোষক সোমা ইসলাম এর সাথে ক্লাবের অন্যান্য সদস্যাগণ ফটোসেশনে অংশগ্রহণ করেন।

গত ১৮ জানুয়ারি ২০২০ তারিখে সীমান্ত অফিসার্স লেডিস ক্লাব কর্তৃক আয়োজিত পিঠা উৎসবে নৃত্য পরিবেশন করছে সীমান্ত অফিসার্স চিলড্রেন ক্লাবের ছোট্টমণিরা।






গত ১৬ ফেব্রুয়ারি ২০২০ তারিখে সীমান্ত অফিসার্স লেডিস ক্লাব (SOLC) কর্তৃক আয়োজিত "সাংস্কৃতিক ও বরণ-বিদায়ী সংবর্ধনা অনুষ্ঠান" এ সম্মানিত প্রধান পৃষ্ঠপোষক (SOLC) সোমা ইসলাম-কে ফুলের তোড়া দিয়ে শুভেচ্ছা জ্ঞাপন করেন ক্লাবের পরিচালনা পর্ষদের সদস্যাগণ।

গত ১৬ ফেব্রুয়ারি ২০২০ তারিখে সীমান্ত অফিসার্স লেডিস ক্লাব কর্তৃক আয়োজিত "সাংস্কৃতিক ও বরণ-বিদায়ী সংবর্ধনা অনুষ্ঠান" এ সম্মানিত প্রধান পৃষ্ঠপোষক (SOLC) সোমা ইসলাম এর সাথে অন্যান্য সদস্যাগণ ফটোসেশনে অংশগ্রহণ করেন।





গত ১১ মার্চ ২০২০ তারিখে সদর দপ্তর বিজিবি, চিকিৎসা শাখা ও বর্ডার গার্ড হাসপাতাল, ঢাকা এবং সীমান্ত অফিসার্স লেডিস ক্লাব (SOLC) কর্তৃক আয়োজিত "সাংস্কৃতিক ও বরণ-বিদায়ী সংবর্ধনা অনুষ্ঠান" এ সম্মানিত প্রধান পৃষ্ঠপোষক (SOLC) সোমা ইসলাম-কে ফুলের তোড়া দিয়ে শুভেচ্ছা জ্ঞাপন করছেন ক্লাবের অন্যান্য সদস্যাগণ।

গত ১১ মার্চ ২০২০ তারিখে সদর দপ্তর বিজিবি, চিকিৎসা শাখা ও বর্ডার গার্ড হাসপাতাল, ঢাকা এবং সীমান্ত অফিসার্স লেডিস ক্লাব (SOLC) কর্তৃক আয়োজিত "সাংস্কৃতিক ও বরণ-বিদায়ী সংবর্ধনা অনুষ্ঠান" এ প্রধান পৃষ্ঠপোষক (SOLC) সোমা ইসলাম নবাগত সভানেত্রী-কে ফুলের তোড়া দিয়ে বরণ করেন।






গত ১১ মার্চ ২০২০ তারিখে সদর দপ্তর বিজিবি, চিকিৎসা শাখা ও বর্ডার গার্ড হাসপাতাল, ঢাকা এবং সীমান্ত অফিসার্স লেডিস ক্লাব (SOLC) কর্তৃক আয়োজিত "সাংস্কৃতিক ও বরণ-বিদায়ী সংবর্ধনা অনুষ্ঠান" এ প্রধান পৃষ্ঠপোষক (SOLC) সোমা ইসলাম এর সাথে বিদায়ী সদস্যাগণ ফটোসেশনে অংশগ্রহণ করেন।

# চিলড্রেন ক্লাবের কার্যক্রম

গত ২৯ ফেব্রুয়ারি ২০২০ তারিখে শহিদ ও আন্তর্জাতিক মাতৃভাষা দিবস-২০২০ উপলক্ষে চিত্রাংকন প্রতিযোগিতায় অংশগ্রহণকারী শিক্ষার্থীদের মাঝে পুরস্কার বিতরণ করেন সীমান্ত অফিসার্স চিলড্রেন ক্লাবের সম্মানিত প্রধান পৃষ্ঠপোষক সোমা ইসলাম।






গত ১৮ জানুয়ারি ২০২০ তারিখে সীমান্ত অফিসার্স লেডিস ক্লাব কর্তৃক আয়োজিত পিঠা উৎসবে পাঠশালায় চিলড্রেন ক্লাবের ছাত্র-ছাত্রীদের সাথে প্রধান পৃষ্ঠপোষক সোমা ইসলাম।

গত ২৯ ফেব্রুয়ারি ২০২০ তারিখে শহিদ ও আন্তর্জাতিক মাতৃভাষা দিবস-২০২০ উপলক্ষে চিত্রাংকন প্রতিযোগিতায় অংশগ্রহণকারী শিক্ষার্থীদের মাঝে পুরস্কার বিতরণ শেষে শিক্ষার্থীদের সাথে ফটোসেশনে মিলিত হন সীমান্ত অফিসার্স চিলড্রেন ক্লাবের সম্মানিত প্রধান পৃষ্ঠপোষক সোমা ইসলাম ও ক্লাবের পরিচালনা পর্ষদ।






গত ০৮ ফেব্রুয়ারি ২০২০ তারিখে সোনারগাঁও রয়েল রিসোর্ট, নারায়ণগঞ্জে অনুষ্ঠিত বর্ষ সমাপনী পুরস্কার বিতরণ-২০১৯ এ শিক্ষার্থীদের মাঝে পুরস্কার ও সনদপত্র বিতরণ করেন সীমান্ত অফিসার্স চিলড্রেন ক্লাবের সম্মানিত প্রধান পৃষ্ঠপোষক সোমা ইসলাম ও ক্লাবের পরিচালনা পর্ষদ।

গত ০৮ ফেব্রুয়ারি ২০২০ তারিখে সোনারগাঁও রয়েল রিসোর্ট, নারায়ণগঞ্জে অনুষ্ঠিত বর্ষ সমাপনী পুরস্কার বিতরণী অনুষ্ঠানে শিক্ষার্থীদের মাঝে কেক কাটেন সীমান্ত অফিসার্স চিলড্রেন ক্লাবের সম্মানিত প্রধান পৃষ্ঠপোষক সোমা ইসলাম।






গত ০৮ ফেব্রুয়ারি ২০২০ তারিখে সোনারগাঁও রয়েল রিসোর্ট, নারায়ণগঞ্জে অনুষ্ঠিত বর্ষ সমাপনী পুরস্কার বিতরণী অনুষ্ঠানে শিক্ষার্থীদের মাঝে পুরস্কার ও সনদপত্র বিতরণ করছেন সীমান্ত অফিসার্স চিলড্রেন ক্লাবের সম্মানিত প্রধান পৃষ্ঠপোষক সোমা ইসলাম এবং ক্লাবের পরিচালনা পর্ষদ।

গত ০৮ ফেব্রুয়ারি ২০২০ তারিখে সোনারগাঁও রয়েল রিসোর্ট, নারায়ণগঞ্জে অনুষ্ঠিত বর্ষ সমাপনী পুরস্কার বিতরণী অনুষ্ঠানে শিক্ষার্থীদের মাঝে পুরস্কার ও সনদপত্র বিতরণ করছেন সীমান্ত অফিসার্স চিলড্রেন ক্লাবের সম্মানিত প্রধান পৃষ্ঠপোষক সোমা ইসলাম ও ক্লাবের পরিচালনা পর্ষদ।





গত ২১ ফেব্রুয়ারি ২০২০ তারিখে উপ-শাখা সীপকস, শ্রীমঙ্গলে শহীদ দিবস ও আন্তর্জাতিক মাতৃভাষা দিবস উপলক্ষে চিত্রাংকন প্রতিযোগিতা পরিদর্শন করেন কোষাধ্যক্ষা, উপ-শাখা সীপকস, শ্রীমঙ্গল।

গত ১৮ জানুয়ারি ২০২০ তারিখে পিঠা উৎসব-২০২০ এ সীমান্ত অফিসার্স চিলড্রেন ক্লাবের শিক্ষার্থীদের নৃত্য পরিবেশনের দৃশ্য।



## মহাপরিচালকের পরিদর্শন

০১ জুলাই ২০২০ থেকে ৩০ সেপ্টেম্বর ২০২০ তারিখ পর্যন্ত বর্ডার গার্ড বাংলাদেশ এর মহাপরিচালক মেজর জেনারেল মোঃ সাফিনুল ইসলাম, বিজিবিএম (বার), এনডিসি, পিএসসি নিম্নলিখিত রিজিয়ন, সেক্টর, ব্যাটালিয়ন এবং বিওপি পরিদর্শন করেন:

- ০২-০৪ সেপ্টেম্বর যশোর রিজিয়ন, দিগরাজ প্রশিক্ষণ কেন্দ্র, মংলা, খুলনা সেক্টর, নীলডুমুর ব্যাটালিয়ন (১৭ বিজিবি), সাতক্ষীরা ব্যাটালিয়ন (৩৩ বিজিবি) এবং দেবহাটা বিওপি।
- ২৩-২৫ সেপ্টেম্বর চট্টগ্রাম রিজিয়ন, বিজিটিসিএন্ডসি, খাগড়াছড়ি সেক্টর, রামু সেক্টর, বাবুছড়া ব্যাটালিয়ন (৭ বিজিবি), টেকনাফ ব্যাটালিয়ন (২ বিজিবি), নাইক্ষ্যংছড়ি ব্যাটালিয়ন (১১ বিজিবি), ধুপশীল বিওপি, শাহপরীর দ্বীপ বিওপি।

## নিয়োগ/বদলি অফিসার ০১ জুলাই হতে ৩০ সেপ্টেম্বর ২০২০ তারিখ পর্যন্ত

### যোগদান

বিএ-৩৬৭৯ কর্নেল মোঃ আরেফিন তালুকদার, পিএসসি গত ২৯ সেপ্টেম্বর ২০২০ তারিখে রিজিয়ন সদর দপ্তর, রংপুর হতে সেক্টর কমান্ডার হিসেবে সেক্টর সদর দপ্তর, রংপুর যোগদান করেন।





বিএ-৪৪৬৮ কর্নেল মোহাঃ আমিরুল ইসলাম, পিএসসি গত ০৫ আগস্ট ২০২০ তারিখে রিজিয়ন সদর দপ্তর, যশোর হতে সেক্টর কমান্ডার হিসেবে সেক্টর সদর দপ্তর, সিলেট যোগদান করেন।

বিএ-৪৭০২ কর্নেল মোহাম্মদ জাহাঙ্গীর হোসেন, বিজিবিএম, পিবিজিএম গত ০৪ আগস্ট ২০২০ তারিখে রিজিয়ন সদর দপ্তর, চট্টগ্রাম হতে সেক্টর কমান্ডার হিসেবে সেক্টর সদর দপ্তর, খাগড়াছড়ি যোগদান করেন।





বিএ-৪৯৯৫ কর্নেল রাশেদ আসগর, পিএসসি, জি গত ০৭ আগস্ট ২০২০ তারিখে সেক্টর সদর দপ্তর, খাগড়াছড়ি হতে ডেপুটি রিজিয়ন কমান্ডার হিসেবে রিজিয়ন সদর দপ্তর, চট্টগ্রাম যোগদান করেন।

### প্রত্যাবর্তন

বিএ-৩৪২৫ ব্রিগেডিয়ার জেনারেল মোঃ জাকির হোসেন, এনডিসি, পিএসসি গত ২৬ সেপ্টেম্বর ২০২০ তারিখে রিজিয়ন সদর দপ্তর, সরাইল হতে বাংলাদেশ সেনাবাহিনীতে প্রত্যাবর্তন করেন।





বিএ-৫২৮২ কর্নেল মাহমুদ মাওলা ডন, এএফডব্লিউসি, পিএসসি গত ০৮ আগস্ট ২০২০ তারিখে সেক্টর সদর দপ্তর, সিলেট হতে বাংলাদেশ সেনাবাহিনীতে প্রত্যাবর্তন করেন।

# মেধাবী ছাত্র-ছাত্রী



দিনাজপুর সেক্টরের সেক্টর কমান্ডার বিএ-৪৫৯৭ কর্নেল মোঃ জহিরুল হক খাঁন এর পুত্র মোঃ রাইয়ান হোসাইন খাঁন, সিলেট ক্যাডেট কলেজ থেকে ২০২০ সালে এসএসসি পরীক্ষায় জিপিএ-৫ (গোল্ডেন A+) ফলাফল অর্জন করে এবং সিলেট শিক্ষাবোর্ড থেকে বৃত্তি পেয়েছে।



খুলনা ব্যাটালিয়ন (২১ বিজিবি) এ কর্মরত জেসিও-৭৯৩২ নায়েব সুবেদার সহকারী শাহ্ আজিজুর রহমান এর কন্যা আয়েশা আক্তার আখি ২০২০ সালে এসএসসি পরীক্ষায় জিপিএ-৫ ফলাফল অর্জন করে।



রিক্রুট ট্রেনিং ব্যাটালিয়নে কর্মরত জেসিও-৭২৫০ নায়েব সুবেদার সহকারী সুশান্ত কুমার মুখার্জী এর পুত্র সুমন্ত মুখার্জী ২০২০ সালে এসএসসি পরীক্ষায় জিপিএ-৫ (গোল্ডেন A+) ফলাফল অর্জন করে।



সরাইল ব্যাটালিয়ন (২৫ বিজিবি) এ কর্মরত নং-৫০৮৬২ হাবিলদার শিশির কুমার সরকার এর পুত্র শ্রী রাকেশ কুমার সরকার ২০২০ সালে এসএসসি পরীক্ষায় জিপিএ-৫ ফলাফল অর্জন করে।



সরাইল ব্যাটালিয়ন (২৫ বিজিবি) এ কর্মরত নং-৫২১৬৪ হাবিলদার মোঃ মাইনুল ইসলাম এর পুত্র মোঃ অনিক ইসলাম (শুভ) ২০২০ সালে এসএসসি পরীক্ষায় জিপিএ-৫ ফলাফল অর্জন করে।



সরাইল ব্যাটালিয়ন (২৫ বিজিবি) এ কর্মরত নং- ৫৬৩৯৮ হাবিলদার মোঃ আতাউর রহমান এর কন্যা মোসাঃ সোরাইয়া খাতুন ২০২০ সালে এসএসসি পরীক্ষায় জিপিএ-৫ ফলাফল অর্জন করে।



সরাইল ব্যাটালিয়ন (২৫ বিজিবি) এ কর্মরত নং ৫৭৭৭৭ ল্যান্স নায়েক সিগন্যাল মোঃ রবিউল ইসলাম এর পুত্র মোঃ জাকারিয়া ২০২০ সালে এসএসসি পরীক্ষায় জিপিএ-৫ ফলাফল অর্জন করে।

## সীমান্তে বর্ডার গার্ড বাংলাদেশ এর তৎপরতা

সীমান্তের অতন্দ্র প্রহরী বর্ডার গার্ড বাংলাদেশ এর সদস্যরা ০১ জুলাই ২০২০ থেকে ৩০ সেপ্টেম্বর ২০২০ তারিখ পর্যন্ত চোরাচালান বিরোধী অভিযান চালিয়ে বিভিন্ন সীমান্তে উল্লেখযোগ্য পরিমাণ মালামালসহ ৯০৭ জন চোরাকারবারিকে আটক করে। এ ব্যাপারে মোট ৮৭০১ টি মামলা দায়ের করা হয়েছে। বিভিন্ন রিজিয়নে আটককৃত মালামালের মূল্য নিম্নে প্রদত্ত হলো:

| রিজিয়নের নাম | মামলার সংখ্যা | আটককৃত চোরাকারবারির সংখ্যা | আটককৃত মালামালের মূল্য |
|---|---|---|---|
| দক্ষিণ-পশ্চিম রিজিয়ন, যশোর | ১৪৩১ টি | ১৮৯ জন | ২৩,৬৬,৮৮,৮৮৯/- |
| উত্তর-পশ্চিম রিজিয়ন, রংপুর | ৪৬৪৪ টি | ২০৮ জন | ১১,৬৬,১৮,৬৫২/- |
| উত্তর-পূর্ব রিজিয়ন, সরাইল | ২৩৬২ টি | ৩৫৯ জন | ১৫,৮৪,০০,৬৫১/- |
| দক্ষিণ-পূর্ব রিজিয়ন, চট্টগ্রাম | ২৬ টি | - | ৪৯,৯৬,৬৭০/- |
| কক্সবাজার রিজিয়ন | ২৩৮ টি | ১৫১ জন | ১১৩,২১,৩৪,৬১৪/- |
| **সর্বমোট =** | **৮৭০১ টি** | ৯০৭ জন | **১৬৪,৮৮,৩৯,৪৭৬/-** |

## বিজিবি স্বাস্থ্য সহায়তা প্রকল্প তহবিল হতে সাহায্য

০১ জুলাই ২০২০ থেকে ৩০ সেপ্টেম্বর ২০২০ তারিখ পর্যন্ত বিজিবি স্বাস্থ্য সহায়তা প্রকল্প তহবিল হতে বর্ডার গার্ড বাংলাদেশ এর সদস্য ও তাঁদের পরিবারের সদস্যদের চিকিৎসার জন্য ২৩,১৮,৮১২/- (তেইশ লক্ষ আঠারো হাজার আটশত বারো টাকা মাত্র) টাকার আর্থিক সাহায্য প্রদান করা হয়েছে, যার বিবরণ নিম্নরূপ:

| ক্রমিক | রেজি: নং, পদবি ও নাম | ইউনিট | রোগের নাম | অনুদানকৃত টাকার পরিমাণ |
|---|---|---|---|---|
| **জুলাই - ২০২০** | | | | |
| ১। | নম্বর-৬৭৮০২ ল্যান্স নায়েক সিগন্যাল দেওয়ান মোঃ জাহিদুল ইসলাম | নীলডুমুর ব্যাটালিয়ন (১৭ বিজিবি) | হৃদরোগ | ১,২৪,১৮৪/- |
| ২। | নম্বর-৬০৩৮২ নায়েক মোঃ আল আমিন | লালমনিরহাট ব্যাটালিয়ন (১৫ বিজিবি) | হৃদরোগ | ১,২৪,৭৫৫/- |
| **আগস্ট - ২০২০** | | | | |
| ৩। | S/O নম্বর-৭৮৯৬২ সিগন্যালম্যান মোঃ জিয়াউর রহমান | সেক্টর সদর দপ্তর, ঢাকা | হৃদরোগ | ১,৩১,৮৩৩/- |
| ৪। | নম্বর-৫০৮০৯ হাবিলদার মোঃ আশরাফুল আলম | কুমিল্লা ব্যাটালিয়ন (১০ বিজিবি) | হৃদরোগ | ১,৩১,৮৩৩/- |
| **সেপ্টেম্বর - ২০২০** | | | | |
| ৫। | বিএ-৬৯৭০ লে : কর্নেল এস এম নাদিম আরেফিন সুমন, পিএসসি, জি | পত্নীতলা ব্যাটালিয়ন (১৪ বিজিবি) | চোখে স্প্লিন্টার ইন্জুরি | ১৩,২৪,৩৭৫/- |
| ৬। | নম্বর-৬২৩৮৬ ল্যান্স নায়েক মৃত মোঃ ফিরোজ আলম | মহেশপুর ব্যাটালিয়ন (৫৮ বিজিবি) | ব্লাড ক্যান্সার | ১,১২,৮১৮/- |
| ৭। | নম্বর-৫৩৫৪৩ হাবিলদার মোঃ আতিকুর রহমান খাঁন | রাজনগর ব্যাটালিয়ন (৩৭ বিজিবি) | হৃদরোগ | ১,৩২,১৯৫/- |
| ৮। | নম্বর-৫৫৭৬৭ হাবিলদার মৃত আব্দুর রহিম | জকিগঞ্জ ব্যাটালিয়ন (১৯ বিজিবি) | ডায়াবেটিস এবং কোভিড-১৯ | ৭৪,৮১৯/- |
| ৯। | নম্বর-৯১৯৭৩ সিপাহী মোঃ জাকারিয়া ইসলাম রাজন | রামগড় ব্যাটালিয়ন (৪৩ বিজিবি) | রেক্টাম ক্যান্সার (অপারেটেড) | ১,৬২,০০০/- |
| **সর্বমোট = তেইশ লক্ষ আঠারো হাজার আটশত বারো টাকা** | | | | ২৩,১৮,৮১২/- |

# কল্যাণমূলক কর্মকাণ্ড

০১ জুলাই ২০২০ হতে ৩০ সেপ্টেম্বর ২০২০ পর্যন্ত সীমান্ত তহবিল থেকে বর্ডার গার্ড বাংলাদেশ এর সদস্য ও তাঁদের পরিবারের সদস্যদের কল্যাণার্থে বিভিন্ন সেবামূলক ক্ষেত্র, শিক্ষা, ধর্মীয় ও সামাজিক অনুষ্ঠান সম্পাদনের নিমিত্তে ৩,৯৯,৯৮,৬৯৩.০৯/- (তিন কোটি নিরানব্বই লক্ষ আটানব্বই হাজার ছয়শত তিরানব্বই টাকা নয় পয়সা মাত্র) ব্যয় করা হয়েছে। নিম্নে তার বিবরণ তুলে ধরা হলো :

| ক্রমিক | বিবরণ | টাকার পরিমাণ |
|---|---|---|
| ১। | বিজিবি স্বাস্থ্য সহায়তা প্রকল্প তহবিল হতে বিজিবি সদস্য ও তাঁদের পরিবারবর্গের চিকিৎসার জন্য আর্থিক অনুদান | ২৫,৪৭,৫৬৮.০০ |
| ২। | অস্থায়ীভাবে নিয়োগকৃত বেসামরিক ডাক্তারের সম্মানী বাবদ অর্থ প্রদান | ১০,৮৭,৫০০.০০ |
| ৩। | মৃত্যুবরণকারী বিজিবি সদস্যদের উত্তরাধিকারীকে এককালীন অনুদান দাফন কাফন খরচ এবং মৃতদেহ পরিবহন বাবদ অর্থ প্রদান | ৭,৪৮,৫০০.০০ |
| ৪। | আইসিপিতে রিট্রিট সিরিমনি প্যারেডে নিয়োজিত সদস্যদের ভাতা প্রদান | ২,৫৬,২০০.০০ |
| ৫। | শহীদ বীরত্ব পদকধারীদের পরিবারবর্গকে মাসিক আর্থিক অনুদান প্রদান | ১,৩৪,৩৭৬.০০ |
| ৬। | অস্থায়ীভাবে নিয়োগকৃত সাইকোথেরাপিস্টদের সম্মানী প্রদান | ১,০০,০০০.০০ |
| ৭। | পত্নীতলা ব্যাটালিয়ন (১৪ বিজিবি) এবং লালমনিরহাট ব্যাটালিয়ন (১৫ বিজিবি) এর আসবাবপত্র ও সীপকস বিল্ডিং মেরামত বিল প্রদান | ৪,০০,১২০.০০ |
| ৮। | বিভিন্ন ইউনিটের প্রতিষ্ঠা বার্ষিকী উপলক্ষে কেক ক্রয় বিল পরিশোধ | ৯,৯০০.০০ |
| ৯। | পিলখানার অভ্যন্তরীণ নিরাপত্তা এবং সকল প্রকার স্থাপনা মেরামত ও রক্ষণাবেক্ষণের জন্য অর্থ প্রদান | ৫১,০৭,৯৪২.০০ |
| ১০। | করোনা ভাইরাস প্রতিরোধকল্পে জীবাণুনাশক স্প্রে টানেল স্থাপনের বিল | ২,২৭,১৮৮.০০ |
| ১১। | সদর দপ্তর বিজিবি, পিলখানায় বীর উত্তম সালাহউদ্দিন গেইট (৪ নম্বর) এ ভাস্কর্য স্থাপন | ২৫,০০,০০০.০০ |
| ১২। | পিলখানায় অফিসার্স সুইমিং কমপ্লেক্স মেরামত ও নতুন ওয়াটার স্থাপন কাজের জন্য অর্থ প্রদান | ৪,২০,০০০.০০ |
| ১৩। | সাতক্ষীরা ব্যাটালিয়ন (৩৩ বিজিবি) এর অভ্যন্তরীণ রাস্তা নির্মাণ কাজের জন্য অর্থ প্রদান | ২০,০০,০০০.০০ |
| ১৪। | বিজিবি'র নিজস্ব অর্থায়নে চট্টগ্রাম রিজিয়ন, রংপুর রিজিয়ন, ময়মনসিংহ সেক্টর, রাজশাহী সেক্টর ও কুমিল্লা সেক্টরে অন্যান্য পদবির পারিবারিক বাসস্থান নির্মাণ কাজে অর্থ প্রদান | ২,৩০,২৩,৮১৬.০৯ |
| ১৫। | পিলখানায় অফিসার্স টেনিস কমপ্লেক্স নির্মাণ কাজের বিল প্রদান | ১৪,৩৫,৫৮৩.০০ |
| **সর্বমোট = তিন কোটি নিরানব্বই লক্ষ আটানব্বই হাজার ছয়শত তিরানব্বই টাকা নয় পয়সা মাত্র** | | ৩,৯৯,৯৮,৬৯৩.০৯ |


## 'মহাপরিচালকের বিশেষ কল্যাণ ও উন্নয়ন তহবিল' হতে আর্থিক অনুদান প্রদানের বিবরণী (০১ জুলাই ২০২০ হতে ৩০ সেপ্টেম্বর ২০২০ তারিখ পর্যন্ত)

| ক্রমিক | অনুদানের বিবরণ | টাকার পরিমাণ |
|---|---|---|
| ১. | মে, জুন এবং জুলাই ২০২০ মাসে বর্ডার গার্ড হাসপাতাল, ঢাকায় ভর্তিকৃত রোগীদের উন্নতমানের খাবার পরিবেশনের নিমিত্তে চাউল ক্রয়ের অতিরিক্ত বিল পরিশোধ বাবদ | ৭৫,০০৪/- |
| ২. | মে, জুন এবং জুলাই ২০২০ মাসে বর্ডার গার্ড হাসপাতাল, সাতকানিয়ায় ভর্তিকৃত রোগীদের উন্নতমানের খাবার পরিবেশনের নিমিত্তে চাউল ক্রয়ের অতিরিক্ত বিল পরিশোধ বাবদ | ২৬,৭৭০/- |
